

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 11 July, 2025

র্যাভের বিশেষ অভিযানে ২৬০ বোতল ভারতীয় বিদেশি মদসহ একটি পিকআপ ভ্যান জব্দ করা হয়েছে।

শুক্রবার (১১ জুলাই) বেলা ১১টার দিকে জামালপুর পৌর শহরের বেলটিয়া এলাকায় র্যাভ কার্যালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান র্যাভ-১৪, সিপিসি-১, জামালপুর ক্যাম্পের কোম্পানি কমান্ডার এ টি এম আমিনুল ইসলাম।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে র্যাভের একটি দল শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলার চাঁদগাঁও সীমান্তবর্তী এলাকায় অভিযান চালায়। এ সময় ২৬০ বোতল ভারতীয় বিদেশি মদ এবং একটি পিকআপ ভ্যান জব্দ করা হয়। জব্দকৃত মদের বাজারমূল্য প্রায় ১২ লাখ ৭২ হাজার টাকা।

অভিযানের সময় র্যাভের উপস্থিতি টের পেয়ে মাদক কারবারিরা পালিয়ে যায়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, উদ্ধারকৃত মদ ঢাকায় নিয়ে যাওয়া হচ্ছিল।

ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য মদ ও পিকআপ ভ্যান নালিতাবাড়ী থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

বিদেশি মদ অভিযান র্যাভ নালিতাবাড়ী শেরপুর

Generated on 19 July, 2025 10:06

URL: <https://timestodaybd.com/public/across-the-country/8327584564>